দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1986
পৃষ্ঠা 1 কলাম 6

# রাজধানীতে ছ'টি ফ্লাইওভার তৈরীর প্রস্তাব

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজধানীর বিভিন্ন স্থানে ছ'টি 'ফ্লাইওভার' তৈরীর জন্য ডিআইটি একটি প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পাঠিয়েছে।

যেসব স্থানে ফ্লাইওভার তৈরীর প্রস্তাব করা হয়েছে সে-গুলো হচ্ছে—ফুলবাড়িয়ার সড়ক সংযোগস্থল, বনানী রেলক্রসিং, সায়েদাবাদ রেলক্রসিং, মালিবাগ রেলক্রসিং, মহাখালী রেলক্রসিং ও জোয়ারসাহারা রেলক্রসিং।

ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যেই ফ্লাইওভার তৈরীর পরিকল্পনা করা হয়েছে বলে ডিআইটির প্রস্তাবে বলা হয়। প্রস্তাবে বলা হয়, সড়ক সংযোগস্থল এবং সড়ক ও রেলপথের সংযোগস্থলে ফ্লাইওভার তৈরী হলে যানবাহন চলাচল সহজ হবে, যানজট ও দুর্ঘটনা হ্রাস পাবে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে রেলপথ ও সড়কের সংযোগস্থলের কথা উল্লেখ করে প্রস্তাবে বলা হয়, পোস্তগোলা থেকে ক্যান্টনমেন্ট এলাকা পর্যন্ত রেলপথ অন্তত: ৮টি স্থানে প্রধান সড়ক অতিক্রম করেছে। এর মধ্যে ৫টি স্থানে রেলপথ আন্ত:জেলা মহাসড়কের ওপর দিয়ে গেছে। কমলাপুর ও টঙ্গী ষ্টেশনের মধ্যে দৈনিক অন্তত: ৪০টি ট্রেন চলাচল করে। ফলে সড়কে যানবাহন চলাচল বিঘ্নিত হয়।